

৩ বছরে ১০ হাজার তরুণকে প্রশিক্ষণ দেবে কেন্দ্রীয় ব্যাংক

অর্থ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন 'স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পের আওতায় এ কর্মসূচি বাস্তবায়ন করছে বাংলাদেশ ব্যাংকের এসএমই বিভাগ

সমকাল প্রতিবেদক

দক্ষ মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি চালু করেছে বাংলাদেশ ব্যাংক। এ কর্মসূচির আওতায় আগামী তিন বছরে ১০ হাজার ২০০ তরুণকে প্রশিক্ষণ দেওয়া হবে।

অর্থ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন 'স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' (এসইআইপি) শীর্ষক প্রকল্পের আওতায় এ কর্মসূচি বাস্তবায়ন করছে কেন্দ্রীয় ব্যাংকের এসএমই বিভাগ।

রোববার এক অনুষ্ঠানের আয়োজন করে আটটি প্রতিষ্ঠানকে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনার জন্য স্বীকৃতিপত্র দেওয়া হয়। কেন্দ্রীয় ব্যাংকের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে গভর্নর ড. আতিউর রহমান প্রতিষ্ঠানগুলোর শীর্ষ নির্বাহীদের হাতে স্বীকৃতিপত্র তুলে দেন। এসময় কেন্দ্রীয় ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

স্বীকৃতি পাওয়া প্রতিষ্ঠান হলো— এমএডব্লিউটিএস, ইউসিইপি বাংলাদেশ, টিএমএসএস, ক্রিয়েটিভ আইটি লিমিটেড, উদ্দীপন, বিআইআইটি ইঞ্জিনিয়ার্স লিমিটেড, অ্যাসোসিয়েশন অব গ্রাসরুটস উইমেন এন্ট্রাপ্রেনার্স বাংলাদেশ এবং পিস অ্যান্ড রাইটস ডেভেলপমেন্ট সোসাইটি।

অনুষ্ঠানে জানানো হয়, এ কর্মসূচির আওতায় তথ্য-প্রযুক্তি, তৈরি পোশাক, হালকা প্রকৌশল, অটোমোবাইল ও ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স— এ পাঁচটি খাতে প্রশিক্ষণ দেওয়া হবে।

এই কর্মসূচির মূল লক্ষ্য তরুণদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উৎপাদনশীলতা বাড়ানো। পাশাপাশি নতুন উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা।

প্রকল্পের শর্তানুযায়ী, নির্বাচিত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষার্থীদের অন্তত ৭০ শতাংশের কর্মসংস্থান নিশ্চিত করতে হবে। এ প্রকল্পে বাংলাদেশ ব্যাংকের ব্যয় হবে ৪৭ কোটি টাকা।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮

